সহকারী শিক্ষকদের দশম গ্রেডের দাবি অযৌক্তিক: গণশিক্ষা উপদেষ্টা



সংগৃহীত ছবি

প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকদের ১৩তম থেকে সরাসরি দশম গ্রেডে উন্নীত হওয়ার কোনো সুযোগ নেই বলে জানিয়েছেন প্রাথমিক ও গণশিক্ষা উপদেষ্টা অধ্যাপক ডা. বিধান রঞ্জন রায় পোদ্দার। তিনি বলেন, সহকারী শিক্ষকদের বর্তমান দাবি অবাস্তব ও অযৌক্তিক, তাই এ নিয়ে আন্দোলনে যাওয়ার যৌক্তিকতা নেই।

শনিবার (৮ নভেম্বর) সকালে খুলনা শিল্পকলা একাডেমিতে সাতক্ষীরা, খুলনা ও বাগেরহাট জেলার প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের নিয়ে আয়োজিত মতবিনিময় সভা শেষে তিনি সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এ মন্তব্য করেন।

ডা. বিধান রঞ্জন রায় পোদ্দার বলেন, “সরকার ধাপে ধাপে শিক্ষকদের সুবিধা বাড়াতে কাজ করছে। ইতোমধ্যে তাদের ১১তম গ্রেডে উন্নীত করার প্রক্রিয়া চলছে। তবে অযৌক্তিক দাবির কারণে যদি পাঠদান বিঘ্নিত হয়, সরকার বাধ্য হবে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে।”

সভায় প্রধান শিক্ষকদের সঙ্গে নৈতিক শিক্ষা, ব্যবহারিক জ্ঞান, সহশিক্ষা কার্যক্রমসহ শিক্ষার মানোন্নয়নে বিভিন্ন দিক নিয়ে বিস্তারিত আলোচনা ও দিকনির্দেশনা প্রদান করা হয়।